

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২১৭

খোয়াই, ১৭ এপ্রিল, ২০২৫

তুলাশিখর রাকের ২২৬ জন জনজাতি কৃষকের কৃষি সামগ্রী বিতরণ

তুলাশিখর কৃষি মহকুমা তত্ত্বাবধায়ক কার্যালয়ের উদ্যোগে গত অর্থবছরে তুলাশিখর রাক এলাকায় মোট ২২৬ জন জনজাতি কৃষকের মধ্যে বিভিন্ন কৃষি যন্ত্রপাতি বিতরণ করা হয়েছে। সাবমিশন অন এগ্রিকালচারেল মেকানাইজেশন প্রকল্পে প্রত্যেক কৃষককে ১ লক্ষ টাকা ভর্তুকীতে ২৫টি পাওয়ারটিলার, প্রত্যেককে ৭৫ হাজার টাকা ভর্তুকীতে ৩৯ টি পাওয়ার উইডার মেশিন, প্রত্যেককে ৪ হাজার টাকা ভর্তুকীতে ১৩৫টি স্প্রে মেশিন, প্রত্যেককে ২৫ হাজার টাকা ভর্তুকীতে ৭টি ব্রাশ কাটার মেশিন এবং প্রধানমন্ত্রী কিষাণ সম্মান নিধি যোজনায় ১৫ হাজার টাকা করে ভর্তুকীতে ২০ জন কৃষককে ১টি করে ওয়াটার পাম্পসেট বিতরণ করা হয়েছে। তুলাশিখর কৃষি মহকুমার কৃষি তত্ত্বাবধায়ক অর্পণ দেববর্মা এই সংবাদ জানিয়েছেন।

\*\*\*\*\*